# আজ মানবতাবিরোধী অপরাধের মামলায় ইনুর বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ শুরু



সংগৃহীত ছবি

কুষ্টিয়ায় ছয়জনকে হত্যা-সংক্রান্ত মানবতাবিরোধী অপরাধের মামলায় আজ রবিবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ জাসদ নেতা হাসানুল হক ইনুর বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণের কার্যক্রম শুরু হচ্ছে। দিনের শুরুতেই মামলার সূচনা বক্তব্য উপস্থাপন করবেন প্রসিকিউশন।

ইনু ইতোমধ্যে অভিযোগ গঠনের আদেশ পুনর্বিবেচনার জন্য রিভিউ আবেদন করেছেন। আবেদন করতে গিয়ে তিনি জুলাই গণঅভ্যুত্থানকে 'সো-কলড' উল্লেখ করায় প্রসিকিউশন বিষয়টিকে রাষ্ট্রদ্রোহিতার ইঙ্গিত বহনকারী মন্তব্য হিসেবে দেখছে। তাদের আবেদনে রিভিউ বাতিলের অনুরোধও জানানো হয়েছে। এ বিষয়ে আজই ট্রাইব্যুনালের আদেশ দেওয়ার সম্ভাবনা রয়েছে।

অভিযোগ অনুযায়ী, জুলাই-আগস্টের আন্দোলন দমনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফোনালাপের মাধ্যমে নির্দেশনা দেওয়ার অভিযোগে ইনুর বিরুদ্ধে 'কমান্ড রেসপনসিবিলিটি' আরোপ করা হয়েছে। গত ২৩ অক্টোবর তার বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করা হয়।

LENS ASIA

এদিকে, আওয়ামী লীগ সরকারের সময় সংঘটিত গুম-খুনের অভিযোগে দায়েরকৃত আরেক মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক অতিরিক্ত পুলিশ সুপার আলেপ উদ্দিন ও সাবেক এএসপি মশিউর রহমানের বিরুদ্ধে আজ তদন্ত প্রতিবেদন দাখিল হতে পারে। সকালে দুজনকেই ট্রাইব্যুনালে উপস্থিত করা হয়েছে।

অন্যদিকে, চানখারপুলের ছয়জনকে হত্যা মামলায় শাহবাগ থানার সাবেক ওসি আরশাদ হোসেনের পক্ষে আজ একজন সাফাই সাক্ষী জবানবন্দি দেওয়ার কথা রয়েছে। তবে সাফাই সাক্ষী হাজির না হলে মামলাটি যুক্তিতর্কের পর্যায়ে অগ্রসর হবে বলে জানিয়েছে প্রসিকিউশন।